



চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়

CCBHS

Cantschoolctg.edu.bd

বিদ্যালয় পরিচিতি



প্রাকৃতিক সৌন্দর্যের অপূর্ব লীলাভূমি বন্দরনগরী চট্টগ্রাম শহরের উপকণ্ঠে চট্টগ্রাম সেনানিবাসের অভ্যন্তরে শ্যামল পাহাড়ের পাদদেশে বিস্তীর্ণ খোলা প্রান্তরে ইমদাদুল হক সড়কের পশ্চিম পার্শ্বে চার একর এলাকাজুড়ে এক মনোরম পরিবেশে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের অবস্থান। ১৯৬৮ সালে সাভুক্যা অধিদপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত এ বিদ্যালয়টি শিক্ষাবোর্ড হতে স্বীকৃতি লাভ করে। বর্তমানে সুদৃশ্য দু'টি দ্বিতল ভবনে রয়েছে ২২টি শ্রেণিকক্ষ, গ্রন্থাগার, আধুনিক ল্যাব, ইবাদতখানা, দু'টি শিক্ষক মিলনায়তন, প্রশাসনিক বিভিন্ন কক্ষ, অফিসকক্ষ ও একটি সুপারিসর অডিটোরিয়াম। ৩৩ জন অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমন্ডলীর তত্ত্বাবধানে এগারটি শ্রেণির ২২টি শাখায় বর্তমানে প্রায় ১৫৯৯ জন শিক্ষার্থী বিদ্যালয়ে অধ্যয়ন করছে। বিদ্যালয়ের বিভিন্ন পাবলিক পরীক্ষার ফলাফল প্রশংসনীয়। পড়ালেখার পাশাপাশি শিক্ষার্থীদের আলোকিত মানুষ, চৌকস, আদর্শ ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিদ্যালয়ের সহ-পাঠ্যক্রমিক কার্যক্রমকে অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। বন্ধুত্বপূর্ণ পরিবেশে বিদ্যালয়ের সকল শিক্ষার্থী খেলাধুলা, সংস্কৃতিচর্চা, চারু ও কারুকলাচর্চা, বিএনসিসি, রেড ক্রিসেন্ট, স্কাউট, গার্ল গাইডস-সহ বিভিন্ন কর্মকান্ডে সম্পৃক্ত থেকে সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে সক্ষম হচ্ছে।